

আমাদের এই উপজেলায় প্রতি ইউনিয়নে ২ জন উপ সহকারী কৃষি কর্মকর্তা আছে। উপজেলা কৃষি অফিস এবং ইউনিয়ন কৃষি অফিস থেকে কৃষকদের সার্বক্ষনিক নিম্নরূপ সহায়তা দিয়ে থাকি-

## সেবা সমূহ:

- কৃষি বিষয়ক আধুনিক ও উন্নত প্রযুক্তিসমূহ (যেমন ডলোচুনের ব্যবহার, গুটি ইউরিয়া, এলাসিসি, এডব্লিউডি ইত্যাদি প্রযুক্তি) প্রদর্শনী প্লট স্থাপন, মাঠ দিবস উদযাপন, কৃষক র্যালী ইত্যাদির মাধ্যমে কৃষকদের নিকট হস্তান্তর।
- নির্ধারিত প্রগতিশীল চাষীদের মাধ্যমে উন্নতমানের বীজ উৎপাদন বিষয়ে প্রয়োজনীয় প্রযুক্তিগত পরামর্শ প্রদান, উৎপাদিত বীজ সঠিক ভাবে সংরক্ষণ ও অন্যান্য চাষীদের মাঝে বিতরণের ব্যবস্থা করা।
- সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান হতে কৃষি ঋণ প্রাপ্তিতে কৃষকদের সহায়তা প্রদান এবং কৃষকদের ১০ টাকায় ব্যাংক একাউন্ট খুলতে সহায়তা করা।
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও বিভিন্ন সরকারী বেসরকারী গবেষণা সংস্থার সাথে সমন্বয় সাধনের মাধ্যমে সম্প্রসারণ সেবা প্রদান।
- মাঠে বিদ্যমান বিভিন্ন ফসলের রোগ-বালাই, পোকামাকড় সহ ফসল পরিচরায় বিভিন্ন সমস্যা চিহ্নিত করণ ও সে মোতাবেক কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান।
- কৃষকদের উৎপাদিত পণ্যের বাজারজাত করণে এবং নায্যমূল্য পেতে সহায়তা প্রদান।
- কৃষি বিষয়ক উন্নত প্রযুক্তি সম্পর্কে কৃষকদের হাতেকলমে প্রশিক্ষণ প্রদান।
- বন্যা খরা ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতি পুষিয়ে নেয়ার লক্ষে কৃষি উপকরণ সহায়তা প্রদান।
- কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষে বিভিন্ন সময় সরকারের দেয়া ভূর্তকি ও কৃষি উপকরণ কৃষকদের মধ্যে বিতরণ।
- প্রতি ইউনিয়নে ১ জন বিসিআইসি সার ডিলার এবং প্রতি ওয়ার্ডে ১ জন খুচরা সার বিক্রেতা নিয়োগের ব্যবস্থা করা। সার উত্তোলন, মজুদ এবং সরবরাহ কার্যের মনিটরিং ও নিয়ন্ত্রণ।
- বালাইনাশকের খুচরা ও পাইকারী বিক্রেতার লাইসেন্স প্রদান।

সার এবং বালাইনাশকের মান ও বাজার নিয়ন্ত্রন এবং ভেজাল সার ও বালাইনাশকের নমুনা সংগ্রহ পূর্বক পরীক্ষাগারে প্রেরন এবং আইনগত ব্যবস্থা গ্রহন